# এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)
# SDS (Shariatpur Development Society)

বিজ্ঞপ্তি নং : ২০২৪-২০২৫.০০০.১৯ তারিখ : ২৪/১২/২০২৪ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

সবার জন্য বসবাস যোগ্য, ন্যায় ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। বিশ্ব খাদ্য কর্মসূচির অর্থায়নে সংস্থা কর্তৃক পরিচালিত "Anticipatory Action to vulnerable households in flood-prone areas of Padma River basin, Bangladesh (SRSP Project)" এর প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| পদের নাম | : | উপজেলা সমন্বয়কারী (Upazila Coordinator) |
| পদ সংখ্যা | : | ০৩ জন |
| প্রকল্পের কর্মএলাকা | : | শরীয়তপুর এবং মাদারীপুর জেলা। |
| বেতনভাতা ও অন্যান্য সুবিধা | : | মাসিক বেতন সর্বসাকুল্যে ৪৩,০০০ টাকা এবং প্রকল্পের বাজেট অনুযায়ী অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। |
| শিক্ষাগত যোগ্যতা | : | যেকোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতকোত্তর/দুর্যোগ ব্যবস্থাপনায় স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| অভিজ্ঞাতা | : | স্বনামধন্য যেকোন প্রতিষ্ঠানে (এনজিও) উন্নয়ন প্রকল্পে/দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| আবশ্যক | : | • আন্তঃব্যক্তিক দক্ষতা এবং দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>• মোটর সাইকেল চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যক।<br>• কোবো টুলসসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপে পারদর্শীসহ এমএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট পরিচালনায় দক্ষ হতে হবে।<br>• প্রার্থীকে অবশ্যই স্মার্ট ফোন ব্যবহারের পারদর্শী হতে হবে। |
| দায়িত্ব ও কর্তব্য | : | • উপজেলা পর্যায়ে জরুরী প্রকল্প কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় করা।<br>• কমিউনিটি ভিত্তিক দুর্যোগ ঝুঁকি হ্রাস উদ্যোগ সহ প্রকল্প পরিকল্পনার সময়মত বাস্তবায়ন নিশ্চিত করণ।<br>• ঝুঁকিপূর্ণ এলাকায় আগাম সতর্কতা ব্যবস্থা এবং জলবায়ু অভিযোজন ব্যবস্থা বাস্তবায়নে সহায়তা করা।<br>• স্থানীয় স্টেকহোল্ডার, সম্প্রদায়ের স্বেচ্ছাসেবক এবং ডিআরআর কৌশল সম্পর্কে সরকারি কর্তকর্তাদের জন্য বিভিন্ন ধরণের প্রশিক্ষণ, সেশণ এবং কর্মশালা পরিচালনা করা।<br>• প্রকল্প দল এবং স্থানীয় সরকার সংস্থা এনজিও এবং কমিউনিটি নেতাদের মধ্যে যোগাযোগের প্রাথমিক হিসেবে কাজ করা।<br>• জাতীয় ডিআরআর নীতির সাথে ইউনিয়ন পরিষদ এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা।<br>• নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতি নিরীক্ষণ করা, চ্যালেঞ্জ চিহ্নিত করা এবং সংশোধনমূলক পদক্ষেপের প্রস্তব করা।<br>• সাপ্তাহিক এবং মাসিক প্রতিবেদন প্রস্তুত করা এবং চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতে প্রকল্প সমন্বয়কে সহায়তা করা।<br>• প্রকল্পের কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা।<br>• প্রকল্প কার্যক্রমে অংশগ্রহণের জন্য কমিউনিটি সংগঠিত করা এবং বন্যা প্রস্তুতি সম্পর্কে সচেতনতা তৈরি করা।<br>• ডিআরআর উদ্যোগে প্রান্তিক গোষ্ঠী যেমন: নারী, পুরুণ, শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিদের আন্তর্ভুক্ত করতে উৎসাহিত করা।<br>• উপজেলা পর্যায়ে প্রকল্পের বাজেট অনুযায়ী প্রকল্পের কার্যক্রম দক্ষতার সহিত পরিচালনা করা।<br>• দুর্যোগ ঝুঁকি হ্রাস অনুশীলন প্রচারের জন্য প্রচারাভিযান, সেমিনার এবং ইভেন্ট এর আয়োজন কর। |
| বয়স | : | সর্বোচ্চ ৫০ বছর (অভিজ্ঞ সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।) |
| আবেদন পাঠানোর ঠিকানা এবং যোগাযোগের নম্বর | : | এসডিএস প্রধান কার্যলয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ<br>০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫-০৬০২০৩ |
| ই-মেইল | : | **recruitmentsdsbd@gmail.com** |
| আবেদন পাঠানোর শেষ তারিখ | : | **২৮ ডিসেম্বর, ২০২৪ইং** |

আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্রের নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সদনপত্রের কপি সংযুক্ত করতে হবে।

সকল ক্ষেত্রে চাকুরী বদলী যোগ্য। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে। নিয়োগ সম্পর্কিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**"নারী ও শিশু নির্যাতন এবং যৌন হয়রানির সাথে সম্পৃক্ত কোন ব্যক্তিকে এসডিএস সমর্থন করে না"**

**উপ-পরিচালক**
মানব সম্পদ বিভাগ, এসডিএস।

# এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)
# SDS (Shariatpur Development Society)

বিজ্ঞপ্তি নং: ২০২৪-২০২৫.০০.২০

তারিখ : ২৪/১২/২০২৪ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

সবার জন্য বসবাস যোগ্য, ন্যায় ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। বিশ্ব খাদ্য কর্মসূচির অর্থায়নে সংস্থা কর্তৃক পরিচালিত "Anticipatory Action to vulnerable households in flood-prone areas of Padma River basin, Bangladesh (AA-SRSP Project)" এর প্রকল্পের আওয়তায় নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| পদের নাম | : | ইউনিয়ন ফিল্ড ফ্যাসিলিটেটর (Union Field Facilitator) |
| পদ সংখ্যা | : | ০৫ জন |
| প্রকল্পের কর্মএলাকা | : | শরীয়তপুর এবং মাদারীপুর জেলা। |
| বেতনভাতা ও অন্যান্য সুবিধা | : | মাসিক বেতন সর্বসাকুল্যে ২৭,৬০০ টাকা এবং প্রকল্পের বাজেট অনুযায়ী অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। |
| শিক্ষাগত যোগ্যতা | : | যেকোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতক/দুর্যোগ ব্যবস্থাপনায় স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| অভিজ্ঞাতা | : | স্বনামধন্য যেকোন প্রতিষ্ঠানে (এনজিও) উন্নয়ন প্রকল্পে/দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| আবশ্যক | : | • আন্তঃব্যক্তিক দক্ষতা এবং দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>• মোটর সাইকেল চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যক।<br>• কোবো টুলসসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপে পারদর্শীসহ এমএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট পরিচালনায় দক্ষ হতে হবে।<br>• প্রার্থীকে অবশ্যই স্মার্ট ফোন ব্যবহারের পারদর্শী হতে হবে। |
| দায়িত্ব ও কর্তব্য | : | • দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং স্থিতিস্থাপকতা নির্মানের বিষয়ে কমিউনিটিতে সচেতনতা সেশনের সুবিধা প্রদান।<br>• ডিআরআর কমিটি বা কমিউনিটি রেসপন্স টিম গঠন ও শক্তিশালী করতে স্বেচ্ছাসেবকদের সংগঠিত ও প্রশিক্ষণ দেওয়া।<br>• দুর্যোগ প্রস্তুতির উপর প্রশিক্ষণ সেশনের আয়োজন ও পরিচালনা করা।<br>• প্রান্তিক গোষ্ঠকে জীবন দক্ষতা বিকাশে বিভিন্ন সেশনের আয়োজন করা।<br>• কমিউনিটির জন্য তথ্য, শিক্ষা এবং যোগাযোগ এর বিকাশ এবং প্রচারে সহায়তা করা।<br>• সংগটিত মক ড্রিল ও প্রকল্পের কার্যক্রমে সহায়তা করা।<br>• নিয়মিত মাঠ পর্যায়ে প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ এবং লক্ষ্যগুলি বাস্তাবায়ন নিশ্চিত করা।<br>• স্থানীয় কর্তৃপক্ষ, এনজিও এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে দুর্যোগ মোকাবেলায় সমন্বিত পদ্ধতি নিশ্চিত করতে সহযোগিতা করা।<br>• ইউনিয়ন পরিষদ, স্বেচ্ছাসেবক দল, কমিউনিটি নেতা, ধর্মীয় নেতা এবং স্টেকহোল্ডারদের সাতে কার্যকর যোগাযোগ বজায় রাখা।<br>• কার্যকলাপ, চ্যালেঞ্জ এবং ফলাফলের তথ্য সহ সাপ্তাহিক এবং মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত ও জমা দেওয়া।<br>• ক্ষেত্র পর্যবেক্ষণের উপর ভিত্তি করে প্রকল্পের উন্নতির জন্য পরামর্শ প্রদান করা। |
| বয়স | : | সর্বোচ্চ ৩৫ বছর (অভিজ্ঞ সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।) |
| আবেদন পাঠানোর ঠিকানা এবং যোগাযোগের নম্বর | : | এসডিএস প্রধান কার্যলয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ<br>০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫-০৬০২০৩ |
| ই-মেইল | : | **recruitmentsdsbd@gmail.com** |
| আবেদন পাঠানোর শেষ তারিখ | : | **২৮ ডিসেম্বর, ২০২৪ইং** |

আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তরিখ, জাতীয় পরিচয়পত্রের নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সদনপত্রের কপি সংযুক্ত করতে হবে।

সকল ক্ষেত্রে চাকুরী বদলী যোগ্য। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে। নিয়োগ সম্পর্কিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

**"নারী ও শিশু নির্যাতন এবং যৌন হয়রানির সাথে সম্পৃক্ত কোন ব্যক্তিকে এসডিএস সমর্থন করে না"**

উপ-পরিচালক
মানব সম্পদ বিভাগ, এসডিএস।